# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত ও ইমামতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১১) জামা'আতে হাযির হতে বিলম্ব করা

(১১) জামা'আতে হাযির হতে বিলম্ব করা :

অনেকে ছালাত আদায় করে এবং জামা'আতেও শরীক হয় কিন্তু অলসতা করে সর্বদা শেষে হাযির হয়। এটা অনেকের অভ্যাসে পরিণত হয়েছে। এই অভ্যাস অবশ্যই পরিত্যাজ্য। এ সমস্ত মুছল্লীকে কঠোরভাবে ধমক দেয়া হয়েছে।

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُوْلُ اللهِ لاَ يَزَالُ قَوْمٌ يَتَأَخَّرُوْنَ عَنِ الصَّفِّ الأَوَّلِ حَتَّى يُؤَخِّرَهُمُ اللهُ فِى النَّارِ.

আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, এক শ্রেণীর মুছল্লী সর্বদা প্রথম কাতার থেকে পিছিয়ে থাকবে। অবশেষে আল্লাহও তাদেরকে জাহান্নামে নিক্ষেপ করবেন।[1]

সুধী পাঠক! যারা ছালাত আদায় করে না তাদের জন্য এই হাদীছে উপদেশ রয়েছে। যারা নিয়মিত ছালাত আদায় করে এবং জামা'আতেও শরীক হয় কিন্তু পরে আসে, তাদের জন্য যদি এমন হুমকি হয়, তাহলে যারা ছালাত আদায় করে না তাদের অবস্থা কী হতে পারে? সেই সাথে যারা জামা'আতে হাযির হয় না তাদের জন্যও এই হাদীছে হুঁশিয়ারী রয়েছে।

## ফুটনোট

[1]. আবুদাঊদ হা/৬৭৯, সনদ ছহীহ; মিশকাত হা/১১০৪; ছহীহ মুসলিম হা/১০১০; মিশকাত হা/১০৯০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1895

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন